



স্মারক নং-সজিমক/২০২৪/২৭৬

তারিখ ০৮/১১/২০২৪ খ্রি.

## ২০২২ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২ সালের এমএসএস শেষ পর্ব পরীক্ষার আবেদন ফরম পূরণ নিম্নলিখিত তারিখে অনুষ্ঠিত হবে।

১। রাষ্ট্রবিজ্ঞান ও সমাজবিজ্ঞান : ২১/১১/২০২৪ খ্রি. (সকাল ০৯:০০ টা থেকে দুপুর ১২:০০ টা পর্যন্ত)  
ফরম পূরণের ফি = ৩,৮৫০.০০ (তিন হাজার আটশত পঞ্চাশ) টাকা (+ ১% রকেট চার্জ)

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

- ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।
  - ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০২০ এবং ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তারা ২০২২ সালের পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল পত্রের/কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
  - ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০২০ এবং ২০২১ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০২২ সালের পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত কোর্সের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
  - ২০২১ সালের পূর্বে কোন পরীক্ষায় অংশগ্রহণ করে নাই এবং ২০২১ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশ নিয়ে যেসব শিক্ষার্থীগণ এক বা একাধিক পত্রে F গ্রেড পেয়েছে সে সকল শিক্ষার্থীগণ রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে ২০২২ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষায় অংশ নিবে এবং একই সাথে F গ্রেড ব্যতীত C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ০২ (দুই)টি মান উন্নয়নের লক্ষ্যে অংশগ্রহণ করতে পারবে। এসব শিক্ষার্থীগণ ২০২২ সালের পরীক্ষায় উত্তীর্ণ হলে মান উন্নয়ন/গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।
  - ২০২১ সালের পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে যেসব শিক্ষার্থী CGPA-2.5 বা এর কম পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা ২০২২ সালের শুধুমাত্র ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ শিক্ষাবর্ষের পরীক্ষায় সেসব কোর্স/পত্রে C এবং D গ্রেড পেয়েছে শুধুমাত্র সেসব কোর্স/পত্রে (সর্বোচ্চ ০২ (দুই) টি পত্রে) রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে মানউন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।  
উল্লেখ্য, এসব শিক্ষার্থীর ইন-কোর্স/ব্যবহারিক, টার্মপেপার, মৌখিক পরীক্ষার পূর্ববর্তী বছরের নম্বর বহাল থাকবে।
- ২। এমএসএস শেষ পর্ব পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক সর্বশেষ প্রণীত চলতি সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

❖ **Online** এ- আবেদন ফরম পূরণের নিয়মাবলি :

- আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.nubd.info/mf](http://www.nubd.info/mf)) Apply to online form Fill up (For Student) এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে।
- প্রত্যেক ছাত্রীর সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা লাগাতে হবে।
- ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরম দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারী স্বাক্ষর করে কলেজে জমা দিতে হবে।
- আবেদন ফরমের সাথে রেজি:কার্ড/প্রবেশপত্রের ফটোকপি জমা দিতে হবে।

\*\* ফরম পূরণের বিবরণীতে স্বাক্ষর : ০১/১২/২০২৪ খ্রি.

**নিয়মিত পরীক্ষার্থীদের ফরম পূরণের ফি পরিশোধের নিয়মাবলি :**


► **Rocket App** এর মাধ্যমে নিম্নের পদ্ধতি অনুসরণ করে ফরম পূরণের ফি জমা দিতে হবে।

Step-1 : শিক্ষার্থী নিজে/এজেন্টের মাধ্যমে Rocket App এ প্রবেশ করবে।

Step-2 : Bill Pay অপশনে ক্লিক করবে।

- Step-3 : Biller ID এর জায়গায় **4402** টাইপ করলে Govt. Zia Mohila College দেখাবে এবং নামের উপর ক্লিক করতে হবে।
- Step-4 : Bill Number এর জায়গায় Student ID নম্বর টাইপ করতে হবে। Student ID নম্বর হবে রেজিস্ট্রেশন নম্বর
- Step-5 : Self/Others এ ক্লিক করতে হবে।
- Step-6 : Validate এ ক্লিক করতে হবে।
- Step-7 : Ok বাটনে ক্লিক করতে হবে।
- Step-8 : Bill Payment Receipt ডাউনলোড করে প্রিন্ট করতে হবে এবং আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

## Payment process flow of Govt. Zia Mohila College (Biller ID- 4402) through ROCKET App



Dutch-Bangla Bank  
YOUR TRUSTED PARTNER

### অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণের ফি পরিশোধের নিয়মাবলি :

- **Rocket App** এর মাধ্যমে নিম্নের পদ্ধতি অনুসরণ করে ফরম পূরণের ফি জমা দিতে হবে।
- Step-1 : শিক্ষার্থী নিজে/এজেন্টের মাধ্যমে Rocket App এ প্রবেশ করবে।
- Step-2 : Bill Pay অপশনে ক্লিক করবে।
- Step-3 : Biller ID এর জায়গায় **3229** টাইপ করলে Govt. Zia Mohila College দেখাবে এবং Select করতে হবে।
- Step-4 : Bill Number এর জায়গায় Student ID (শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর) লিখতে হবে।
- Step-5 : Pay For এর জায়গায় Self Select করে Amount এর স্থানে কলেজ অফিস থেকে জেনে নির্দিষ্ট পরিমাণ টাকা এন্ট্রি দিয়ে Submit বাটনে ক্লিক করতে হবে।
- Step-6 : Rocket App ব্যবহারকারী PIN নম্বর দিয়ে Confirm বাটনে ক্লিক করতে হবে।
- Step-7 : Bill Payment Receipt ডাউনলোড করে প্রিন্ট করতে হবে এবং আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

26/02/2024  
(প্রফেসর কামরুন নাহার)

অধ্যক্ষ

সরকারি জিয়া মহিলা কলেজ, ফেনী।

প্রফেসর কামরুন নাহার (৩৩৬৫)

অধ্যক্ষ

সরকারি জিয়া মহিলা কলেজ ফেনী।